# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং-পনি/পিএ-১১৪৬ তারিখ : ০১-০৯-২০২৫খ্রি.

বিষয় : এসএসসি পরীক্ষার ভেন্যু কেন্দ্র বাতিল সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আসন্ন এসএসসি পরীক্ষা ২০২৬ নকলমুক্ত, শান্তিপূর্ণ ও প্রভাবমুক্ত পরিবেশে গ্রহণের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় ও আন্ত:বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক কেন্দ্র হিসেবে বিবেচিত প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা কোন অবস্থাতেই নিজ প্রতিষ্ঠানে/নিজস্ব কেন্দ্রের তত্ত্বাবধানে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। এমতাবস্থায়, যশোর শিক্ষা বোর্ড সকল ভেন্যু কেন্দ্র বাতিল করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। যে সমস্ত কেন্দ্র প্রতিষ্ঠান ভেন্যু কেন্দ্র স্থাপন করে নিজ নিজ প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ করে আসছেন তাদেরকে নিকটস্থ কোন্ কেন্দ্রের সাথে যুক্ত হতে ইচ্ছুক সে মর্মে আগামী ২০ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আবেদন জমা দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা গেল।

বিশেষ শর্তাবলী :

১. সংশ্লিষ্ট ভেন্যু কেন্দ্র প্রতিষ্ঠান আবেদন না করলে যশোর শিক্ষা বোর্ড নিজ ব্যবস্থাপনায় ভেন্যু বাতিল করবে এবং অন্য কেন্দ্রের সাথে সংযুক্ত করবে।
২. যেসব কেন্দ্রে ৩০০ (তিনশত)-এর কম পরীক্ষার্থী রয়েছে অনিবার্য কারণ ছাড়া সেসব কেন্দ্রও স্থগিত করা হবে। অর্থাৎ শিক্ষার্থী সংখ্যা হিসেবে কেন্দ্র স্থাপন করা হবে।
৩. কেন্দ্রের অবকাঠামো ভালো এবং চারিদিকে নিরাপত্তা প্রাচীর থাকতে হবে।
৪. বিজ্ঞানাগার/কম্পিউটার ল্যাব আছে এমন প্রতিষ্ঠান কেন্দ্র হিসেবে নির্ধারণ করা হবে।
৫. কেন্দ্রের যোগাযোগ ব্যবস্থা ভালো হতে হবে।
৬. কেন্দ্র হিসেবে বিবেচিত প্রতিষ্ঠানটিকে শিক্ষা বোর্ড কর্তৃক অর্পিত সকল দায়িত্ব যথাযথভাবে পালন করতে সক্ষম হতে হবে।

চেয়ারম্যানের মহোদয়ের নির্দেশক্রমে

০১-০৯-২০২৫
(প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০২৪৭৭৬২৭১৪
ই-মেইল : controller@jessoreboard.gov.bd

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/
চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/নড়াইল/
ঝিনাইদহ ও মাগুরা জেলার সকল
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক
বিদ্যালয়সমূহ।